ভোরের কাগজ
তারিখ ... 08.NOV.199 ... পৃষ্ঠা ... 6 ... কলাম ...

জানা–অজানা

# অ্যাপটেকের কম্পিউটার পাঠশালা

১৯৯৭-এর অক্টোবরের শেষের দিকে বাংলাদেশের কম্পিউটার শিক্ষা ক্ষেত্রে সংযোজন ঘটে বিশ্বস্বীকৃত অ্যাপটেকের। বর্তমানে এ দেশে অ্যাপটেকের চারটি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। এর মধ্যে তিনটি শাখা ঢাকার ধানমন্ডি, কাকরাইল, উত্তরাতে এবং অপরটি চট্টগ্রামে। শিগগিরই বনানী, পুরোনো ঢাকা ও মিরপুরে আরো তিনটি কেন্দ্র চালু হতে যাচ্ছে।
আমেরিকা, ভারত, পাকিস্তান, যুক্তরাজ্য, সিঙ্গাপুর, সৌদি আরব, নেপাল, শ্রীলঙ্কা, আয়ারল্যান্ডসহ বিশ্বের মোট ১৫টি দেশে অ্যাপটেকের কার্যক্রম চালু রয়েছে।
অ্যাপটেক মূলত ৩ বছরমেয়াদি 'ডিপ্লোমা ইন সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং' ডিগ্রি পরিচালনা করে থাকে। এ ৩ বছরমেয়াদি কোর্সের বাৎসরিক টিউশন ফি ৪৫ হাজার টাকা।
তবে ৩ বছরমেয়াদি এ ডিপ্লোমা ডিগ্রির মেয়াদ বা সময় অনুসারে চারটি পর্যায়ে বিভক্ত। প্রতিটি পর্যায়কে একেকটি আলাদা কোর্স হিসেবে বিবেচনা করা হয়। কেউ ইচ্ছা করলে আলাদাভাবে যেকোনো একটি কোর্স করতে পারেন। নিম্নে এ কোর্সসমূহের বিবরণ দেওয়া হলো :

1. Certificate of Proficiency in Information System কোর্স : এ কোর্সটি ৬ মাসমেয়াদি।
2. Diploma in Information Systems Management : এ কোর্সটি ১ বছরমেয়াদি।
3. Higher Diploma in Software Engineering : এ কোর্সটি ২ বছরে সম্পন্ন করানো হয়।
4. Advanced Diploma in Software Engineering : এ কোর্সটি ৩ বছরে সম্পন্ন করানো হয়।

অ্যাপটেকের ৩ বছরের এই ডিপ্লোমা ডিগ্রি সম্পন্ন করতে প্রতিবছর গড়ে ৪৫ হাজার টাকা প্রদান করতে হয়।



**পরীক্ষা কার্যক্রম** : বিভিন্ন দেশে অবস্থিত অ্যাপটেকের প্রতিটি কেন্দ্রের প্রতিটি কোর্সের পরীক্ষা নিয়ন্ত্রণের জন্য আন্তর্জাতিকভাবে একটি বোর্ড রয়েছে। এটি 'অ্যাপেক্স বোর্ড' নামে পরিচিত। এ বোর্ডটি একই দিনে প্রতিটি সেন্টারের পরীক্ষা নিয়ে থাকে।
পরীক্ষার পর সকল ছাত্রদের এ বোর্ড আন্তর্জাতিকমানের সনদপত্র দিয়ে থাকে।
**ছাত্রছাত্রীদের জন্য অ্যাপটেক** : অ্যাপটেক তার শিক্ষার্থীদের ব্যক্তিত্বের উন্নতিসাধনের জন্য প্রতিটি কোর্সের সঙ্গে Communication and Personal Development কোর্স করিয়ে থাকে। প্রতিটি কোর্সের ছাত্রদের ইন্টারনেট ব্যবহারের সুবিধা দিয়ে থাকে। ফলে এর মাধ্যমে দেশ-বিদেশের কম্পিউটার টেকনোলজির সঙ্গে পরিচিত হওয়া যায়। এ ছাড়া এরা ছাত্রদের উঁচুমানের লাইব্রেরি ব্যবহারের সুবিধা দিয়ে থাকে।
অ্যাপটেক তার ফুলটাইম শিক্ষার্থীদের চাকরিদানেও সহায়তা করে থাকে। এ জন্য 'Aptech Brain Bank' নামে এর একটি অঙ্গ প্রতিষ্ঠান রয়েছে। ভারতসহ পৃথিবীর বিভিন্ন দেশে এ অঙ্গ প্রতিষ্ঠানটির ৫০০টি কার্যালয় রয়েছে। এগুলো বিশ্বের বিভিন্ন প্রতিষ্ঠানে অ্যাপটেকের ডিগ্রিপ্রাপ্ত শিক্ষার্থীদের চাকরিদানে সহায়ক নেটওয়ার্ক হিসেবে কাজ করছে।
অ্যাপটেকের কম্পিউটার শিক্ষার মান সম্পর্কে অ্যাপটেক বাংলাদেশ প্রধান তরুণ মিত্র বলেন, 'শিক্ষার উচ্চমান বজায় রাখার ব্যাপারে আমরা আপসহীন। আর এ মানের জন্যই বিশ্বে অ্যাপটেক একমাত্র ইনস্টিটিউট যেটি ১৯৯৪ সালে প্রথমবারের মতো "ISO 9001" পুরস্কারে ভূষিত হয়'।

❑ মোঃ আওরঙ্গজেব